**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ২১ জানুয়ারি ২০১৬, ৮ মাঘ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সরকার উন্নয়নের লক্ষ্য অর্জনের চ্যালেঞ্জ নিয়ে দেশ চালাচ্ছে : সংসদ অধিবেশনে রাষ্ট্রপতি

২। অভিবাসীদের কল্যাণ নিশ্চিত করা বৈশ্বিক দায়িত্ব : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রীর সঙ্গে জাতিসংঘের প্রতিনিধিদলের সাক্ষাৎ

৩। সরকারি চাকুরেদের পে-স্কেল সমন্বয় করা হবে : অর্থমন্ত্রী

৪। পরিবেশবান্ধব শিল্পে সব ধরনের সহায়তা দেবে সরকার

: আন্তর্জাতিক প্লাস্টিক সামিটের উদ্বোধনীতে শিল্পমন্ত্রী

৫। বন্দিদের হাতকে কর্মীর হাতিয়ারে রূপান্তর করতে হবে: স্বরাষ্ট্রমন্ত্রী

৬। ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ১৩ প্রস্তাব অনুমোদন

৭। প্রধানমন্ত্রী সিলেট যাচ্ছেন আজ

৮। ইন্টারনেট এখন মৌলিক চাহিদা : আইসিটি মেলা উদ্বোধনকালে তথ্যমন্ত্রী

৯। গণতন্ত্র বিকাশে পাশে থাকবে যুক্তরাজ্য : ব্রিফিংয়ে নতুন হাইকমিশনার

১০। ২৬ বাংলাদেশিকে ফেরত পাঠিয়েছে সিঙ্গাপুর : জঙ্গি সম্পৃক্ততার অভিযোগ

১১। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করতে হবে: গভর্নর

১২। সারা দেশে বৃষ্টি : কয়েকদিনের মধ্যেই জেঁকে বসবে তীব্র শীত

চলমান পাতা/২

**১।	সরকার উন্নয়নের লক্ষ্য অর্জনের চ্যালেঞ্জ নিয়ে দেশ চালাচ্ছে : সংসদ অধিবেশনে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, সরকার গণতন্ত্রের অগ্রযাত্রা অব্যাহত রাখা এবং আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্য অর্জনের চ্যালেঞ্জ নিয়ে দেশ পরিচালনা করছে। দায়িত্ব গ্রহণের পর থেকে সরকার গণতন্ত্রের বিকাশ, আইনের শাসন প্রতিষ্ঠা ও সামাজিক সমৃদ্ধিকে গুরুত্ব দিয়ে সুশাসন প্রতিষ্ঠার নিরলস প্রয়াস চালিয়ে যাচ্ছে। গতকাল ২০ জানুয়ারি বুধবার দশম জাতীয় সংসদের নবম ও ২০১৬ সালের প্রথম অধিবেশনের প্রথম বৈঠকে দেওয়া ভাষণে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এ কথা বলেন। এ অধিবেশন চলবে ২৯ ফেব্রুয়ারি পর্যন্ত। সূত্র- **প্রথম আলো** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (শেষপৃ,ক.৭), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষপৃ,ক.১), **অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২।	অভিবাসীদের কল্যাণ নিশ্চিত করা বৈশ্বিক দায়িত্ব : প্রধানমন্ত্রী**

**প্রধানমন্ত্রীর সঙ্গে জাতিসংঘের প্রতিনিধিদলের সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরাপদ অভিবাসনের ওপর গুরুত্ব আরোপ করে বলেছেন, অভিবাসীদের কল্যাণ নিশ্চিত করা একটি বৈশ্বিক দায়িত্ব। জাতিসংঘের অভিবাসন-সংক্রান্ত সাত সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল ২০ জানুয়ারি বুধবার সংসদ ভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে দেখা করতে গেলে তিনি এ কথা বলেন। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন জাতিসংঘের মহাসচিবের আন্তর্জাতিক অভিবাসন-সংক্রান্ত বিশেষ প্রতিনিধি পিটার সাদারল্যান্ড। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৩), **সমকাল** (পৃ.১৯,ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৭)।

**৩।	সরকারি চাকুরেদের পে-স্কেল সমন্বয় করা হবে : অর্থমন্ত্রী**

সরকারি চাকরিজীবীদের বেতন বৈষম্য নিরসনে পে-স্কেল সমন্বয় করা হবে। এতে করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও প্রকৌশলী-কৃষিবিদ-চিকিৎসক, বিসিএস ক্যাডারদের বেতন কাঠামো নিয়ে যে সঙ্কট তৈরি হয়েছিল তা দূর হবে বলে মনে করছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মহিত। গতকাল ২০ জানুয়ারি বুধবার সচিবালয়ে ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভার বৈঠক শেষে নিজ মন্ত্রণালয়ে এক ব্রিফিংয়ে নতুন বেতন কাঠামো নিয়ে বক্তব্য রাখেন অর্থমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৩), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

**৪।	পরিবেশবান্ধব শিল্পে সব ধরনের সহায়তা দেবে সরকার**

**: আন্তর্জাতিক প্লাস্টিক সামিটের উদ্বোধনীতে শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু প্লাস্টিক শিল্প মালিকদের উদ্দেশে বলেছেন, পরিবেশবান্ধব শিল্প স্থাপনে

এগিয়ে আসুন, সরকার সব ধরণের নীতি সহায়তা দেবে। পরিবেশবান্ধব সবুজ শিল্পায়নের লক্ষ্য অর্জনে যে সব কারখানায় পরিবেশ দূষণকারী বর্জ্য উৎপাদিত হয়, সেগুলোতে বাধ্যতামূলকভাবে বর্জ্য শোধনাগার স্থাপনের জন্য শিল্প মালিকদের দৃষ্টি আকর্ষণ করেন তিনি। পরিবেশ ও জীব-বৈচিত্র্য ধ্বংস করে এমন কোনো ধরনের শিল্পায়নের প্রতি সরকারের সমর্থন নেই এবং থাকবে না বলেও হুঁশিয়ার করেন শিল্পমন্ত্রী। গতকাল ২০ জানুয়ারি বুধবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে শুরু হওয়া আন্তর্জাতিক প্লাষ্টিক সামিটের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন শিল্পমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **প্রথম আলো** (পৃ.১২,ক.২), **ডেইলি সান** (পৃ.১ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১ক.২)।

**৫। বন্দিদের হাতকে কর্মীর হাতিয়ারে রূপান্তর করতে হবে: স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, বন্দিদের হাতকে কর্মীর হাতিয়ারে রূপান্তর করতে হবে। সারা বিশ্বে কারাগারের ধারণা রূপান্তরিত হয়ে সংশোধনাগারে পরিবর্তিত হচ্ছে। এরই মধ্যে কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ তে পুনবার্সন প্রশিক্ষণ স্কুল স্থাপন করা হয়েছে এবং এর মাধ্যমে বন্দিদের বিভিন্ন মেয়াদি প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কারা সপ্তাহ-২০১৬ উদ্বোধন উপলক্ষে গতকাল ২০ জানুয়ারি বুধবার গাজীপুরে কাশিমপুর কেন্দ্রীয় কারাগারে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.২), **জনকণ্ঠ** (শেষপৃ,ক.৩), **ইন্ডিপেনডেন্ট,** (পৃ.১,ক.১)।



**৬। ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ১৩ প্রস্তাব অনুমোদন**

বরিশালে ৩০৭ মেগাওয়াট কয়লাভিত্তিক আইপিপি বিদ্যুৎকেন্দ্র স্থাপনে ঠিকাদার নিয়োগসহ ১৩টি প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল ২০ জানুয়ারি বুধবার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **প্রথম আলো** (পৃ.১২,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৬)।

**৭। প্রধানমন্ত্রী সিলেটে যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ২১ জানুয়ারি বৃহস্পতিবার সিলেটে সফর করবেন। এ উপলক্ষে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। প্রধানমন্ত্রী সিলেট জেলা আওয়ামী লীগ আয়োজিত জনসভা ছাড়াও ২২টি উন্নয়ন প্রকল্পের ভিত্তি স্থাপন ও উদ্বোধন করবেন। এছাড়া একটি কলেজের হীরকজয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন অনুষ্ঠানে

বক্তব্য রাখবেন। সকাল **১১**টায় তিনি সিলেটে পৌঁছে প্রথমে হযরত শাহজালাল ও হযরত শাহ পরান (রহ.) মাজার জিয়ারত করবেন। সূত্র-**সংবাদ** (শেষপৃ,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮)।

**৮। ইন্টারনেট এখন মৌলিক চাহিদা : আইসিটি মেলা উদ্বোধনকালে তথ্যমন্ত্রী**

সরকার ডিজিটাল বাংলাদেশ তৈরি করার ব্যাপারে কাজ করছে। ইতোমধ্যে সারা দেশে কম্পিউটার ল্যাবসহ নানা ধরণের কাজ করেছে। ডিজিটাল সমাজ গড়তে হলে সরকারকে সাহায্য করতে হবে। গতকাল ২০ জানুয়ারি বুধবার রাজধানীর এলিফ্যান্ট রোডের কম্পিউটারে সিটি সেন্টারে ডিজিটাল আইসিটি মেলা উদ্বোধনকালে এসব কথা বলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। তিনি আরও বলেন, ইন্টারনেট এখন একটি মৌলিক চাহিদা এটাকে সবার দ্বারে পৌঁছে দেওয়ার কাজ করছে সরকার। 'ভিশন টু সার্ভ গো উইথ আইসিটি'শ্লোগান সামনে রেখে সপ্তমবারের মতো বড় পরিসরে শুরু হয়েছে 'ডিজিটাল আইসিটি ফেয়ার-২০১৬'। মেলা চলবে ২৫ জানুয়ারি পর্যন্ত। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৪,ক.১), **সংবাদ** (পৃ.১৩,ক.১)।

**৯। গণতন্ত্র বিকাশে পাশে থাকবে যুক্তরাজ্য : ব্রিফিংয়ে নতুন হাইকমিশনার**

বাংলাদেশের গণতন্ত্র বিকাশে এদেশের সরকার, রাজনৈতিক দল ও গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোর সঙ্গে অব্যাহতভাবে সহযোগিতা করে যাবে যুক্তরাজ্য। ঢাকায় নিযুক্ত হাইকমিশনার অ্যালিসন ব্লেক গতকাল ২০ জানুয়ারি বুধবার এক প্রেস ব্রিফিংয়ে এ কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**১০। ২৬ বাংলাদেশিকে ফেরত পাঠিয়েছে সিঙ্গাপুর : জঙ্গি সম্পৃক্ততার অভিযোগ**

জঙ্গি সম্পৃক্ততার অভিযোগে সিঙ্গাপুরে আটক ২৭ বাংলাদেশির ২৬ জনকে বাংলাদেশে ফেরত পাঠানো হয়েছে। সিঙ্গাপুরের সরকার বলেছে, সন্ত্রাসবাদী হামলার ষড়যন্ত্রে জড়িত থাকার অভিযোগে তারা ২৬ জন বাংলাদেশিকে বহিষ্কার করে দেশে ফেরত পাঠিয়েছে। তাদের হামলার লক্ষ্য সিঙ্গাপুর ছিল না, অন্য কোনো রাষ্ট্রে এই হামলার পরিকল্পনা করা হচ্ছিল। তবে কোন দেশে তারা হামলার পরিকল্পনা করেছিল সে সম্পর্কে কিছুই জানায়নি। এদিকে দেশে ফেরত পাঠানো এসব বাংলাদেশির মধ্যে ১৪ জন বর্তমানে কারাগারে রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **প্রথম আলো, সমকাল, যায়যায়দিন, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন, নিউ এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১১। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করতে হবেঃ গভর্নর**

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান বলেছেন, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় শুধু বিদেশি সহায়তার দিকে তাকিয়ে থাকলে হবে না। এ জন্য সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের অংশীদারিত্বের মাধ্যমে কাজ করতে হবে। গতকাল ২০ জানুয়ারি বুধবার 'ওয়েটিং ফর চেঞ্জ' শীর্ষক গবেষণাপত্র হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য তিনি একথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ,ক.৬), **সংবাদ** (পৃ.১৪ ক.১), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১ ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১ ক.৭)।



## ১২। সারা দেশে বৃষ্টি : কয়েকদিনের মধ্যেই জেঁকে বসবে তীব্র শীত

গতকাল ২০ জানুয়ারি বুধবার রাজধানীসহ অনেক এলাকায় তাপমাত্রা কমতে শুরু করেছে। ধারণা করা হচ্ছে, আগামী কয়েকদিন জেঁকে বসতে পারে তীব্রশীত। জানুয়ারির শেষ দিকে হতে পারে তীব্র শৈত্যপ্রবাহ। আবহাওয়া অফিস জানিয়েছে পুবালী লঘুচাপ আর আরব সাগর থেকে ভেসে আসা প্রচুর মেঘের কারণে দেশের বিস্তীর্ণ এলাকায় বৃষ্টি হচ্ছে ; বিরাজ করছে ঘন কুয়াশাও। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১ ক.৪), **প্রথম আলো** (পৃ.১ ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ ক.৪)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো**: ব্যাংকিং খাতে শৃঙ্খলা ফিরিয়ে আনতে কেন্দ্রীয় ব্যাংকের গৃহীত কোনো পদক্ষেপ যাতে চ্যালেঞ্জের মুখে না পড়ে তা নিশ্চিত করার সুপারিশ।

খ. **ইত্তেফাক** : বাণিজ্যমন্ত্রী ভোজ্য তেলের দাম পাঁচ টাকা কমানোর পরও খোলা বাজারে এর কোনো প্রতিফলন না ঘটার কথা উল্লেখ করে আন্তর্জাতিক বাজারে কোনো ভোগ্যপণ্যের দাম বাড়লে ব্যবসায়ীরা তাৎক্ষণিকভাবে দাম বাড়িয়ে দিলেও আন্তর্জাতিক বাজারে দাম কমলে সেক্ষেত্রে যথাযথ উদ্যোগ না নেওয়ায় নিন্দা প্রকাশ।

গ. **সংবাদ** : রাজধানীতে সিএনজি চালিত অটোরিকশার ভাড়া নিয়ে আবারও নৈরাজ্য সৃষ্টি হওয়ায় এ ব্যাপারে যথাযথ আইনগত পদক্ষেপ নেওয়ার দাবি।

ঘ. **সমকাল, ইনকিলাব,ডেইলি স্টার** : মগবাজার-মৌচাক ফ্লাইওভারের কাজ শেষ হতে দীর্ঘসূত্রতার কারণে তা নাগরিক দুর্ভোগের কারণ হয়ে দাড়িয়েছে উল্লেখ করে ব্যয়বহুল প্রকল্পটির কাজ শেষ করার ক্ষেত্রে অদক্ষতা গ্রহণযোগ্য হতে পারেনা বলে মতপ্রকাশ।

ঙ. **যুগান্তর** : শিক্ষা মন্ত্রণালয় ও অভিভাবকদের সঙ্গে কোনো আলোচনা ছাড়াই কোনো কোনো বেসরকারি স্কুলের শতভাগ বেতন বৃদ্ধিসহ নানা ধরণের ফি আদায়ের বিষয় উদ্বেগজনক হওয়ায় এসব শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি স্টার :** গত সাড়ে পাঁচ বছরে কাজের সময়ে ৬০ জন জাহাজ ভাঙা শ্রমিক নিহত ও ১২৫ জন আহত হওয়ার ঘটনা উল্লেখ করে এ শিল্পের শ্রমিকদের দুর্ভোগ লাঘবে নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউ নেশন :** রাজধানী হতে ট্যানারি কারখানা স্থানান্তরে যত বেশি বিলম্বে হবে পরিবেশ দূষণ তত বৃদ্ধি পাবে বলে মন্তব্য।

জ. **ডেইলি সান :** জমিতে তামাক চাষে নিষেধাজ্ঞা আরোপ করে কৃষককে জমিতে অন্যান্য ফসল চাষে উৎসাহিত করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে দেশের জনগণের স্বার্থেই একটি বিনিয়োগ ও ব্যবসাবান্ধব পরিবেশ প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেছেন।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'রুখতে হবে মাদক আগ্রাসন'** শিরোনামের নিবন্ধে মো. মাইউদ্দিন সোহাগ ইয়াবার আগ্রাসন থেকে দেশের যুবসমাজকে রক্ষা করতে যে সব পথে আমাদের দেশে ইয়াবা ঢুকছে, সেসব জায়গায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে তৎপর হওয়ার পাশাপাশি দেশের ভেতরে ইয়াবার উৎপাদন ও সরবরাহ বন্ধে কঠোর পদক্ষেপ নিতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা